মডেল টেস্ট-০১

বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০

১. তোমার ধর্মের প্রবর্তক ভূমিষ্ঠ হয়েই হাঁটতে শুরু করেছিলেন। তিনি কয় পা হেঁটেছিলেন?
ক. সাত পা খ. আট পা
গ. নয় পা ঘ. দশ পা

২. কপিলাবস্তু রাজ্যের হলকর্ষণ উৎসব হচ্ছিল, রাজা শুদ্ধোদন কাকে সঙ্গে নিয়ে সেখানে গিয়েছিলেন?
ক. দেবদত্ত খ. উপালি
গ. আনন্দ ঘ. সিদ্ধার্থ

৩. সিদ্ধার্থ নগর ভ্রমণে বের হয়ে চতুর্নিমিত্ত দর্শন করেন। এর মধ্যে শেষ নিমিত্ত কোনটি?
ক. ব্যাধি খ. সন্ন্যাসী
গ. জরা ঘ. মৃত্যু

৪. গৌতম বুদ্ধ সকল প্রাণীর মঙ্গলের জন্য ৪৫ বছর ধর্ম প্রচার করেন। তিনি কত বৎসর বয়সে পরিনির্বাণ লাভ করেন?
ক. ৭০ খ. ৭৫
গ. ৭৭ ঘ. ৮০

৫. দিপা প্রতিদিন তার মায়ের সাথে ঘর-বাড়ি পরিষ্কার করে। এতে সে কী লাভ করবে?
ক. নরক খ. দুঃখ
গ. সুফল ঘ. অর্থ

৬. ধর্মীয় ও আদর্শ জীবন গড়তে তুমি কোন কাজটি করবে?
ক. নিয়মিত বিদ্যালয়ে যাবো
খ. সত্য ও ধর্মপথ অনুসরণ করবো
গ. নিয়মিত বিহারে যাব
ঘ. পরিবারের কাজে সাহায্য করবো

৭. শিক্ষাগুরুর মর্যাদা অনেক উপরে। কারণ তারা শিক্ষার্থীদের–
ক. ভালোবাসেন খ. তত্ত্বাবধান করেন
গ. অজ্ঞতা দূর করেন ঘ. সৎ উপদেশ দেন

৮. শিক্ষক এবং পিতা-মাতাকে সম্মান প্রদর্শন করা গুরুত্বপূর্ণ কারণ–
ক. তাঁরা আমাদের ভালো ব্যবহার শেখান
খ. তাঁরা আমাদের সুখী করেন
গ. তাঁরা আমাদের সবাইকে ভালোবাসেন
ঘ. তাঁরা আমাদের আচরণের উন্নয়ন ঘটাতে সাহায্য করেন

৯. বেশি দিন বেঁচে থাকার জন্য তুমি কী করবে?
ক. ছোটদের স্নেহ করবো
খ. বড়দের সম্মান করবো
গ. শীলবানদের অভিবাদন করবো
ঘ. সকলের সেবা করবো

১০. প্রদীপ পূজায় তুমি কীভাবে বন্দনা করবে?
ক. করজোড়া হাঁটু ভেঙে খ. প্রদীপ হাতে দাঁড়িয়ে
গ. যোগাসনে বসে ঘ. পদ্মাসনে বসে

১১. তুমি বুদ্ধের উদ্দেশ্যে ধূপকাঠি জ্বেলে সন্ধ্যাবেলা কোন পূজা করবে?
ক. পুষ্প পূজা খ. আহার পূজা
গ. ধূপ পূজা ঘ. প্রদীপ পূজা

১২. নিজের এবং আত্মীয়স্বজনের মঙ্গলের জন্য কোনটি উপযুক্ত?
ক. আহার পূজা
খ. প্রদীপ পূজা
গ. অষ্টপরিষ্কার দান
ঘ. কঠিন চীবন দান

১৩. দানশীলতা প্রকাশের জন্য তুমি গরিবদের সাহায্য করবে কীভাবে?
ক. নিজের প্রয়োজন মেটানোর পর দান করবে
খ. দানীয় বস্তু প্রত্যেককে সমভাবে দেবে
গ. শুধুমাত্র তোমার পছন্দের লোকদের দান দেবে
ঘ. প্রয়োজন অনুযায়ী গরিবদের দান দেবে

১৪. ইহকাল ও পরকালে শান্তি লাভের জন্য আমাদের কেমন হওয়া প্রয়োজন?
ক. বিদ্বান খ. ধনবান
গ. বলবান ঘ. সচ্চরিত্রবান

১৫. যারা জীব হত্যা করে, মৃত্যুর পর তাদের কী ঘটে?
ক. তারা স্বর্গ পায় না খ. তাদের বন্ধু থাকবে না
গ. তারা দুর্গতিপ্রাপ্ত হবে ঘ. তারা হারিয়ে যাবে

১৬. বিদ্যালয়ে যেতে কয়েকজন ছাত্র তোমার সাথে ঝগড়া করছে। তারা তোমার আচরণ পছন্দ করে না। তুমি কী করবে?
ক. তাদের সাথে বন্ধুত্ব রাখবে না
খ. আচরণ পরিবর্তনের জন্য তাদের সাহায্য চাইবে
গ. তোমার আচরণের পরিবর্তন করতে চেষ্টা করবে
ঘ. তাদের মন্তব্য এড়িয়ে চলবে

১৭. প্রব্রজ্যা গ্রহণকারী একজন তরুণ কী করবে?
ক. সাধারণ জীবনযাপন ত্যাগ
খ. একজন সাধুর ন্যায় জীবনযাপন
গ. আপনজন থেকে দূরে থাকা
ঘ. একাকী জীবনযাপন

Teachingbd.com

১৮. গৃহী বা উপাসকেরা নিত্য পঞ্চশীল পালন করে। গৃহীদের মধ্যে যারা প্রব্রজ্যা ধর্মে দীক্ষা নেন তারা কে?
ক. গৃহী দীক্ষিত খ. শ্রামণ
গ. শীলবান ঘ. পুণ্যবান

১৯. ত্রিপিটক পালিতে রচিত। এর কয়টি অংশ?
ক. ১ খ. ২
গ. ৩ ঘ. ৪

২০. ত্রিপিটকের একটি অংশ অভিধর্ম পিটক। অভিধর্ম পিটক ত্রিপিটকের কোন ভাগ?
ক. প্রথম খ. দ্বিতীয়
গ. তৃতীয় ঘ. চতুর্থ

২১. তুমি একজন লোককে রাস্তা পারাপারে সহায়তা করেছ। এটা কোন ধরনের কর্ম?
ক. নিত্যকর্ম খ. নিজ কর্ম
গ. কুশল কর্ম ঘ. পারিবারিক কর্ম

২২. তুমি সকলের প্রশংসা পেতে চাও এবং সুখী ও সুন্দর জীবন গড়তে চাও। তুমি কোন কর্ম করবে?
ক. কুশল কর্ম খ. অকুশল কর্ম
গ. অসৎ কর্ম ঘ. দুষ্কর্ম

২৩. নিজেকে একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে তুমি সব সময় কী কর?
ক. দায়িত্বশীল ও সংযত আচরণ করি
খ. কুকর্মের জন্য শাস্তি পাই
গ. সচেতনভাবে সঠিক কাজ করি
ঘ. অপরের কষ্টে মজা করি

২৪. আমরা প্রত্যেকে কোন কাজের ভাগীদার?
ক. আমাদের নিজের কাজের
খ. অপরের কাজের
গ. একে অপরের কাজের
ঘ. আমরা যা ভাবি

২৫. বুদ্ধের অনেক সেবক ছিলেন। তাদের মধ্যে একজন ছিলেন প্রধান। তার নাম কী?
ক. অনুরুদ্ধ খ. উপালি
গ. আনন্দ ঘ. যশ

২৬. ধার্মিক সেবক আনন্দ ধর্ম ভাণ্ডারিক হলেন কীভাবে?
ক. তিনি ধর্মের সবকিছু জানতেন বলে
খ. বুদ্ধের ধর্মোপদেশ সর্বদাই স্মরণ রাখতেন বলে
গ. তিনি ভগবান বুদ্ধের অনুসারী ছিলেন বলে
ঘ. তিনি আধ্যাত্মিক ক্ষমতার অধিকারী ছিলেন বলে

২৭. জাতক কাহিনীর মাধ্যমে তুমি কোন তথ্য জানতে পারবে?
ক. বুদ্ধের শৈশবকাল
খ. ভাল ও মন্দ কাজ
গ. গৌতমবুদ্ধের পূর্বজন্মের কাহিনী
ঘ. ভগবান বুদ্ধের অন্তিম বাণী

২৮. তুমি জানা মতে কোন কাহিনীর উপদেশ ও শিক্ষা সর্বজনীন?
ক.পিটকের খ. নিকায়ের
গ. শীলের ঘ. জাতকের

২৯. একজন আদর্শ মানুষ সব সময় কোন কাজ সম্পন্ন করেন?
ক. দায়িত্বশীল ও সংযত আচরণ করে
খ. কুকর্মের জন্য শাস্তি পায়
গ. সচেতনভাবে সঠিক কাজ করে
ঘ. অন্যকে কষ্ট দেয়

৩০. তুমি সবস্তু ঋষির নাম শুনেছ। এ ঋষির নামানুসারে কোন ঐতিহাসিক স্থান রয়েছে?
ক. বৈশালী খ. রাজগৃহ
গ. শ্রাবস্তী ঘ. কপিলাবস্তু

৩১. তুমি এমন একটি ঐতিহাসিক স্থান ভ্রমণ করেছ যা ভারতের সবচেয়ে প্রাচীন গণরাজ্য। কোনটি?
ক. শ্রাবস্তী খ. কপিলাবস্তু
গ. রাজগৃহ ঘ. বৈশালী

৩২. প্রত্নতত্ত্ববিদরা প্রাচীন বিহারগুলো খুঁজে বের করেন। মহাস্থানগড় কোথায় অবস্থিত?
ক. পাবনায় খ. টাংগাইলে
গ. বগুড়ায় ঘ. ঢাকায়

৩৩. তুমি প্রব্রজ্যা গ্রহণ করতে চাও। তোমার বয়স কত হতে হবে?
ক. কমপক্ষে ৪ বছর খ. কমপক্ষে ৫ বছর
গ. কমপক্ষে ৬ বছর ঘ. কমপক্ষে ৭ বছর

৩৪. শ্রামণ্য ধর্মে দীক্ষা নিতে হলে তোমাকে কোনটি করতে হবে?
ক. দশ বছর পূর্ণ হতে হবে
খ. পঞ্চশীল পালন করতে হবে
গ. নির্দিষ্ট ধর্মীয় বিষয় জানতে হবে
ঘ. পিতামাতার অনুমতি নিতে হবে

৩৫. দোলা তার মনকে পবিত্র করতে চায়। এজন্য সে কী করবে?
ক. গান শুনবে
খ. ধর্মীয় অনুষ্ঠান পালন করবে
গ. পড়াশোনা করবে ঘ. অশুভ কর্ম করবে

৩৬. তুমি তোমার দায়িত্ব-কর্তব্য পালনের মাধ্যমে অনেক বড় হয়েছ এবং তোমার অবস্থানের উন্নতি হয়েছে। তোমার এ শক্তিকে কী বলা হয়?
ক. অলৌকিক শক্তি খ. আত্মশক্তি
গ. লৌকিক শক্তি ঘ. অপরের শক্তি

৩৭. ধর্মকে কেন্দ্র করে আমরা নানা সামাজিক কর্মকাণ্ড করে থাকি। তার মধ্যে অন্যতম কোনটি?
ক. দান খ. পূজা
গ. উপাসনা ঘ. শীল গ্রহণ

৩৮. আত্মর্যাদা আমাদের জন্য কী বয়ে আনে?
ক. মঙ্গল ও প্রশংসা খ. মর্যাদা ও সম্মান
গ. অর্থ ও সম্মান ঘ. অর্থ ও মর্যাদা

Teachingbd.com

৩৯. পালি আর্য ভাষার একটি স্তর। ভারতীয় আর্য ভাষায় আর কয়টি স্তর আছে?
ক. ১ খ. ২
গ. ৩ ঘ. ৬

৪০. পালি ভাষা সংস্কৃতের তুলনায় শ্রুতিমধুর। এর স্বরবর্ণ কয়টি?
ক. ৪ খ. ৬
গ. ৮ ঘ. ১০

৪১. সিদ্ধার্থ গৌতম প্রথম কোন বৃক্ষের নিচে বসে ধ্যান করেন?
ক. অশ্বত্থবৃক্ষ খ. শালবৃক্ষ
গ. জম্বুবৃক্ষ ঘ. চন্দনবৃক্ষ

৪২. কে দান গ্রহণের উত্তম পাত্র?
ক. ভিখারি খ. দিশারি
গ. দুঃশীল ব্রাহ্মণ ঘ. বিশুদ্ধ সংঘ

৪৩. আমাদের মনে কিসের প্রদীপ জ্বালাতে পারি?
ক. রাতের প্রদীপ খ. দিনের প্রদীপ
গ. জ্ঞানের প্রদীপ ঘ. কামনার প্রদীপ

৪৪. যাঁরা প্রব্রজ্যা ধর্মে দীক্ষা নেন তাঁদেরকে কী বলা হয়?
ক. ভিক্ষু খ. ব্রাহ্মণ
গ. শ্রামণ ঘ. শিক্ষক

৪৫. আনন্দ কয়টি শর্তে বুদ্ধের সেবক নিযুক্ত হয়েছিলেন?
ক. ১০টি খ. ১৫টি
গ. ৮টি ঘ. ২৫টি

৪৬. ভারতীয় সাহিত্যে কীসের প্রভাব সবচেয়ে বেশি?
ক. সুত্তপিটক খ. জাতক
গ. ত্রিপিটক ঘ. ধর্মপদ

৪৭. বৌদ্ধ ঐতিহাসিক স্থান দর্শন করার উদ্দেশ্য কী?
ক. নিজের ইচ্ছা পূরণ খ. মনের প্রসারতা বৃদ্ধি
গ. বুদ্ধ জ্ঞান লাভ ঘ. মার্গফল লাভ

৪৮. কোন প্রভাবে মানুষ দুঃখ মুক্তি লাভ করতে পারে?
ক. অর্থ প্রভাবে খ. মানুষের প্রভাবে
গ. পুণ্যের প্রভাবে ঘ. কর্মের প্রভাবে

৪৯. মানুষকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে নিয়ে যায়—
ক. আলস্যতা খ. দায়িত্ব-কর্তব্য
গ. কর্মবিমুখতা ঘ. দায়িত্বহীনতা

৫০. পালি কোন আর্য ভাষার অন্তর্গত?
ক. মধ্য ভারতীয় আর্য ভাষা
খ. প্রাচীন ভারতীয় আর্য ভাষা
গ. নব্য ভারতীয় আর্য ভাষা
ঘ. ভারতীয় দ্রাবিড় ভাষা

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :
(১৫টি প্রশ্ন থাকবে প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক।) ১×১৫ = ১৫

ক. তোমাদের ধর্মের প্রবর্তক বাল্যকালে কোন বিদ্যায় পারদর্শিতা অর্জন করেন?
খ. আমরা ধার্মিক হব কেন?
গ. তুমি কীভাবে মনকে পবিত্র ও সংযত করবে?
ঘ. তুমি গৃহী। তোমার প্রতিপাল্য বিষয় কী?
ঙ. তুমি কীভাবে জীবনে উন্নয়ন ও সমৃদ্ধি অর্জন করবে?
চ. সুকর্মে উদ্দীপনা সৃষ্টির জন্য তুমি কী করবে?
ছ. তোমাদের ধর্মের প্রবর্তক কোথায় প্রথম ধর্ম প্রচার করেন?
জ. তোমার জানা মতে, কোন সাহিত্যে জাতকের প্রভাব সবচেয়ে বেশি?
ঝ. তোমাদের ধর্মের ঐতিহাসিক স্থান কাকে বলে?
ঞ. শ্রমণ হওয়ার পর উপস্থিত উপাসক-উপাসিকাগণ নবদীক্ষিত শ্রমণকে কী করেন?
ট. পট্‌ঠান শব্দের অর্থ কী?
ঠ. পালি শব্দের অর্থ কী?
ড. সিদ্ধার্থ গৌতমের বাল্যকালে কী কী নাম ছিল?
ঢ. ভারতীয় আর্য ভাষার তিনটি স্তর কী কী?
ণ. আনন্দ কে ছিলেন?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও : ৫×৭ = ৩৫

ক. গৌতম বুদ্ধ হাঁসটিকে ছেড়ে দিলেন কেন? দুটি বাক্যে লেখ। একজন প্রব্রজিত হিসেবে সাধনায় সফল হওয়ার জন্য তোমার করণীয় তিনটি কাজ লেখ। ২+৩=৫

খ. তুমি গুরুজন বলতে কাদের বোঝ? সমাজে শিক্ষকের স্থান সবার উপরে কেন? দুইটি বাক্যে লেখ। শিক্ষকের প্রতি তোমার করণীয় সম্পর্কে দুইটি বাক্য লেখ। ১+২+২=৫

গ. তুমি পূজা দেওয়ার পূর্বে মন ও দেহকে কী করবে? প্রদীপ পূজার পূর্বে তোমাকে কী করতে হবে? পালিতে এ পূজার গাথাটি লেখ। ১+২+২=৫

ঘ. দুঃশীল বা চরিত্রহীন লোকের কী কী ক্ষতি হয়, পাঁচটি বাক্যে লেখ। ৫

ঙ. বৌদ্ধ ধর্মের তর্কশাস্ত্র বলতে কোন গ্রন্থকে বোঝায়? এই গ্রন্থমতে বুদ্ধের মূলনীতি কী? মিথ্যা দৃষ্টি খণ্ডনে এ গ্রন্থ তোমাকে কীভাবে সহায়তা করবে? তোমার উত্তরের সপক্ষে তিনটি যুক্তি লেখ। ১+১+৩=৫

চ. কর্ম আমাদের জীবনকে বিভক্ত করে। এটি আমাদের জীবনকে কীভাবে বিভক্ত করে? কুশলকর্মের চারটি উপকারিতা লেখ। ১+৪=৫

ছ. অনেক নারী বুদ্ধের শিষ্যত্ব গ্রহণ করেন। তাঁদের কী বলা হয়? এরকম কয়েকজন উল্লেখযোগ্য নারীর নাম লেখ। উৎপলবর্ণা সম্পর্কে ৩টি বাক্য লেখ। ২+৩=৫

জ. ধর্মপরায়ণ ব্যক্তিকে ধর্ম রক্ষা করে। উক্তিটি কোন জাতকের? উক্ত জাতকে বোধিসত্ত্বের নাম কী ছিল? কোন গুণের প্রভাবে ধর্মপাল কুমারের বংশে অকাল মৃত্যু হয় না? তা তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

ঝ. কপিলাবস্তু কোথায় অবস্থিত? কপিলাবস্তুর রাজা কে ছিলেন? কেন রাজা শুদ্ধোদন পুত্রের নাম সিদ্ধার্থ রাখেন তা তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

ঞ. বন্দনা অর্থ কি? ত্রিরত্ন বলতে কী বোঝ? পালিতে ত্রিরত্ন বন্দনার বুদ্ধ বন্দনা লেখ। ১+২+২=৫

teachingbd.com

উত্তরমালা

১. ১. ক. সাত পা; ২. ঘ. সিদ্ধার্থ; ৩. খ. সন্ন্যাসী; ৪. ঘ. ৮০; ৫. গ. সুফল; ৬. খ. সত্য ও ধর্মপথ অনুসরণ করবো; ৭. গ. অজ্ঞতা দূর করেন; ৮. ঘ. তাঁরা আমাদের আচরণের উন্নয়ন ঘটাতে সাহায্য করেন; ৯. গ. শীলবানদের অভিবাদন করবো; ১০. ক. করজোড়া হাঁটু ভেঙে; ১১. গ. ধূপ পূজা; ১২. গ. অষ্টপরিষ্কার দান; ১৩. ঘ. প্রয়োজন অনুযায়ী গরিবদের দান দেবে; ১৪. ঘ. সচ্চরিত্রবান; ১৫. গ. তারা দুর্গতিপ্রাপ্ত হবে; ১৬. খ. আচরণ পরিবর্তনের জন্য তাদের সাহায্য চাইবে; ১৭. ক. সাধারণ জীবনযাপন ত্যাগ; ১৮. খ. শ্রামণ; ১৯. গ. ৩; ২০. গ. তৃতীয়; ২১. গ. কুশল কর্ম; ২২. ক. কুশল কর্ম; ২৩. গ. সচেতনভাবে সঠিক কাজ করি; ২৪. ক. আমাদের নিজের কাজের; ২৫. গ. আনন্দ; ২৬. খ. বুদ্ধের ধর্মোপদেশ সর্বদাই স্মরণ রাখতেন বলে; ২৭. গ. গৌতমবুদ্ধের পূর্বজন্মের কাহিনী; ২৮. ঘ. জাতকের; ২৯. গ. সচেতনভাবে সঠিক কাজ করে; ৩০. গ. শ্রাবস্তী; ৩১. ঘ. বৈশালী; ৩২. গ. বগুড়ায়; ৩৩. ঘ. কমপক্ষে ৭ বছর; ৩৪. ঘ. পিতামাতার অনুমতি নিতে হবে; ৩৫. খ. ধর্মীয় অনুষ্ঠান পালন করবে; ৩৬. খ. আত্মশক্তি; ৩৭. খ. পূজা; ৩৮. খ. মর্যাদা ও সম্মান; ৩৯. খ. ২; ৪০. গ. ৮; ৪১. ক. অশ্বত্থবৃক্ষ; ৪২. ঘ. বিশুদ্ধ সংঘ; ৪৩. গ. জ্ঞানের প্রদীপ; ৪৪. গ. শ্রামণ; ৪৫. গ. ৮টি; ৪৬. খ. জাতক; ৪৭. খ. মনের প্রসারতা বৃদ্ধি; ৪৮. গ. পুণ্যের প্রভাবে; ৪৯. খ. দায়িত্ব-কর্তব্য; ৫০. ক. মধ্য ভারতীয় আর্য ভাষা।

২. ক. আমাদের ধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ বাল্যকালে ত্রিবেদ, ন্যায় শাস্ত্র, স্মৃতিশাস্ত্র, অশ্ব-রথ চালনা ও ধনুর্বিদ্যায় পারদর্শিতা অর্জন করেন।

খ. সৎ ও আদর্শ জীবন গঠনের জন্য আমরা ধার্মিক হব।

গ. পূজা ও দান করে মনকে পবিত্র ও সংযত করব।

ঘ. পঞ্চশীল ও অষ্টশীল।

ঙ. দায়িত্ব ও কর্তব্য পালনের মাধ্যমে।

চ. সুকর্মে উদ্দীপনা সৃষ্টির জন্য আমি সৎ ও পুণ্যবান ব্যক্তির দৃষ্টান্ত অনুসরণ করবো।

ছ. আমাদের ধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ সারথার্নের ঋষিপতনে সর্বপ্রথম ধর্ম প্রচার করেন।

জ. ভারতীয় সাহিত্যে।

ঝ. বুদ্ধ, বুদ্ধশিষ্য, রাজন্যবর্গ ও শ্রেষ্ঠীদের স্মৃতিবিজড়িত বিভিন্ন স্থানকে আমাদের ধর্মের অর্থাৎ বৌদ্ধ ঐতিহাসিক স্থান বলে।

ঞ. শ্রমণ হওয়ার পর উপস্থিত উপাসক-উপাসিকাগণ নবদীক্ষিত শ্রমণকে বন্দনা করেন।

ট. পট্ঠান শব্দের অর্থ মূল কারণ।

ঠ. পালি শব্দের অর্থ– পাঠ, সারি, পঙক্তি, বীথি, বা শ্রেণি।

ড. সিদ্ধার্থ গৌতমের বাল্যকালে নাম ছিল– সিদ্ধার্থ, গৌতম ও শাক্যসিংহ।

ঢ. ভারতীয় আর্যভাষার তিনটি স্তর হচ্ছে— প্রাচীন ভারতীয় আর্য ভাষা, মধ্য ভারতীয় আর্য ভাষা ও নব্য ভারতীয় আর্য ভাষা।

ণ. আনন্দ ছিলেন অমিতোদনের পুত্র এবং তিনি ছিলেন বুদ্ধের প্রধান সেবক।

Teachingbd.com